**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

* * * * * * * * * * * * * * * * * * * *

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"

- স্বামী বিবেকানন্দ



ইন্টারনেট সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 7 JULY 2025 , MONDAY । ৭ জুলাই ২০২৫ , সোমবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-325 PAGE । পৃষ্ঠা-4

## সাতসকালে এলাকায় দুটি বাইসনের তান্ডব ,জখম পাঁচ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৬ জুলাই : রবিবার সাত সকালে দুটি বাইসনের তান্ডবে জখম হয়েছেন পাঁচজন , এলাকায় রীতিমতো আতঙ্কের পরিবেশ। ঘটনাটি ঘটেছে জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লকের সাপ্টিবাড়ি গ্রাম পঞ্চায়েতের বারোগুড়ি গ্রামে। এদিন সকালে গ্রামে রীতিমতো তান্ডব শুরু করে দুটি বাইসন। আতঙ্কিত গ্রামবাসীরা খবর দেন বন দপ্তরের রামসাই স্কোয়াডের কর্মীদের। খবর পেয়ে বন কর্মীরা ও ময়নাগুড়ি থানার পুলিশ কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছান। তারা বাইসন দুটিকে কাবু করার চেষ্টা চালাতে চালাতে খবর দেন বন দপ্তরের অন্যান্য স্কোয়াডকে। খবর পেয়ে তারাও ঘটনাস্থলে পৌঁছান। বন কর্মীদের তাড়া খেয়ে দুপুর নাগাদ একটি বাইসন আশ্রয় নেয় একটি চা বাগানে। বন কর্মীরা সেখানেই ঘুমপাড়ানী গুলিতে সেটিকে কাবু করেন ও উদ্ধার করে নিয়ে যান। অপর বাইসনটি তাড়া খেয়ে নদী পেরিয়ে জঙ্গলের দিকে চলে যায়। বন কর্মীরা জানান বাইসনটির স্বাস্থ্য পরীক্ষা করে জঙ্গলে ছেড়ে দেওয়া হবে। আতঙ্কমুক্ত হন এলাকাবাসী। আহতদের ময়নাগুড়ি হাসপাতালে ভর্তি করা হয়েছে , সেখানেই তাদের চিকিৎসা চলছে।

## গাড়ীর ধাক্কায় সাইকেল আরোহীর মৃত্যু



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই : ফালাকাটায় পথ দুর্ঘটনায় মৃত্যু হল একজনের। জানা যায় ফালাকাটা পুরসভার ১৭ নম্বর ওয়ার্ড পশ্চিম ফালাকাটার কলেজ পাড়ায় পিকআপ ভ্যানের ধাক্কায় মৃত্যু হল এক সাইকেল আরোহীর। পিকআপ ভ্যানটি পশ্চিম ফালাকাটার ভুটানির ঘাট থেকে ফালাকাটায় দিকে আসছিল এবং সাইকেল আরোহী সাইকেল নিয়ে পায়ে হেঁটে ফালাকাটা থেকে পশ্চিম ফালাকাটার ভুটানের ঘাটের দিকে যাচ্ছিল। পিকআপ ভ্যান টি সেই সাইকেল আরোহীকে সামনের দিক থেকে ধাক্কা মেরে নয়নজুলিতে পড়ে যায়, সেখান থেকে পিকআপ ভ্যানের চালকটি পলাতক এবং সাইকেল আরোহী ঘটনাস্থলেই তার মৃত্যু হয় বলে এলাকাবাসীরা জানায়। খবর পেয়ে ঘটনাস্থলে ফালাকাটা থানার পুলিশ গিয়ে দুর্ঘটনা গ্রস্থ গাড়িটিকে নিয়ে আসে ফালাকাটা থানায়। ঘটনার তদন্ত শুরু করেছে ফালাকাটা থানার পুলিশ। এলাকায় উত্তেজনা রয়েছে।

## আন্তরাজ্য গাড়ি চুরি চক্রের মাস্টারমাইন্ড সহ গ্রেপ্তার চার , উদ্ধার চৌদ্দটি গাড়ি



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি , ৬ জুলাই : আন্তরাজ্য গাড়ি চুরি চক্রের মাস্টারমাইন্ড সহ চার জনকে শনিবার রাতে গ্রেপ্তার করলো শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের প্রধাননগর থানার পুলিশ। উদ্ধার করা হয়েছে চৌদ্দটি গাড়ি। জানা গেছে এই চক্রের মাস্টারমাইন্ড সোমনাথ চক্রবর্তী কলকাতার প্রিন্স আনোয়ার শাহ রোডের বাসিন্দা। সে শিলিগুড়ির চম্পাসারি এলাকায় বাড়ি ভাড়া নিয়ে থাকতো ও দু বছর ধরে গাড়ি চুরি চক্রের মাথা হিসাবে কাজ করে যাচ্ছিলো। সোমনাথ প্রথমে ঘন্টা বা দিন চুক্তিতে গাড়ি ভাড়া করতো সেই সব মালিক বা সংস্থার থেকে যারা গাড়ি ভাড়া দেয়। সে যথাসময়ে গাড়ি ভাড়া মিটিয়ে দিত একটি এপসের মাধ্যমে এবং সময়মতো গাড়ি মালিকদের ফিরিয়ে দিতো। এইভাবে সে গাড়ির মালিক বা গাড়ি ভাড়া দেওয়া সংস্থার আস্থা অর্জন করে পরে দিন কয়েকের জন্য গাড়ি ভাড়া নিয়ে গাড়ি সহ বেপাত্তা হয়ে যেতো।এই বিষয়ে প্রধাননগর থানায় একটি অভিযোগ জমা পড়ে সোমনাথের নামে চলতি মাসের তিন তারিখ রাতে। অভিযোগ পেয়ে পুলিশ তদন্তে নেমে সোমনাথকে গ্রেপ্তার করে। তাকে জেরা করে পুলিশ জলপাইগুড়ি জেলার বানারহাট থানা এলাকার কলাবাড়ি থেকে গ্রেপ্তার করে , বিনয় ঝা এর পুত্র পাপ্পু ঝা কে। এরপর জলপাইগুড়ি জেলার নাগরাকাটা ব্লকের চম্পাগুড়ি বাজার নয়াশালি চা বাগান থেকে গ্রেপ্তার করে নীতিন প্রধান , পিতা পরেশ প্রধান এবং ঐএলাকার আশীষ নারজিনারীর পুত্র রাজ নার্জিনারীকে। এদের জেরা করে বানারহাট এলাকা থেকে নয়টি গাড়ি ও শিলিগুড়ি ও লাগোয়া এলাকা থেকে পাঁচটি গাড়ি উদ্ধার করা হয়। পুলিশ সূত্রে জানানো হয় এই চক্রটি দু থেকে তিনশো গাড়ি এভাবে নেপাল , অসম সহ বিভিন্ন এলাকায় পাচার করেছে বলে তাদের অনুমান। তদন্ত শুরু হয়েছে আস্তে আস্তে সব জানা যাবে।

## শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মদিন পালিত হলো আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই : শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মদিন পালিত হলো আলিপুরদুয়ার বিজেপির দলীয় কার্যালয়ে এমনটাই জানিয়েছেন আলিপুরদুয়ার জেলার বিজেপির দলীয় কার্যালয়ে। এদিন শ্যামাপ্রসাদ মুখার্জির প্রতিকৃতিতে মাল্য দান করেন জেলা সভাপতি থেকে শুরু করে বিজেপির বিভিন্ন নেতৃত্বরা। জেলার বিভিন্ন প্রান্তে ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মদিন পালিত হবে বিজেপির পক্ষ থেকে। জেলার বিভিন্ন প্রান্তে শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মদিনের পাশাপাশি তার জীবনী নিয়ে বিস্তারিত আলোচনা হয় দলীয় কর্মীদের মধ্যে।

## জেলার কথা

# প্রেমের টানে ঘরছাড়া নাবালক ও নাবালিকা




মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার ,৬ জুলাই : আলিপুরদুয়ার থানার সলসলাবাড়ী বাজার এলাকা থেকে এক নাবালক এবং এক নাবালিকাকে উদ্ধার করে আনে শামুকতলা থানার পুলিশ রবিবার সকালে। সাড়ে চোদ্দ বছর বয়সের এক নাবালিকা কে নিয়ে পালিয়ে গিয়েছিল ১৭ বছরের নাবালক। গত দুদিন আগে তাই নিয়ে শামুকতলা থানার পুলিশের কাছে অভিযোগ দায়ের হয়েছিল। অভিযোগ পেয়ে পুলিশ তদন্ত শুরু করে দুজনকেই উদ্ধার করে আনে। নবম শ্রেণীর নাবালিকা একাদশ শ্রেণির নাবালকের সাথে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রেমের সম্পর্ক গড়ে উঠে। এরপরেই নাবালিকাকে নিয়ে ওই নাবালক তার আত্মীয়ের বাড়িতে চলে যায়। তবে পুলিশ সূত্রে জানা গেছে তাদের দুজনের কাউন্সিলিং চলছে শামুকতলা থানায়।

# শামুকতলায় মহরমের তাজিয়া বের হল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই : মহরমের তাজিয়া বের হলো শামুকতলায় এমনটাই দেখা গেল রবিবার বিকেল ছটা নাগাদ। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে তাজিয়া নিয়ে বিভিন্ন পথ পরিক্রমা করেন। প্রচুর লোকের সমরেশ হয়েছে এই মহরমের তাজিয়া তে। তবে তাজিয়া নিয়ে বের হওয়ার পর লাঠিখেলায় মেতে উঠেন যুবক থেকে শুরু করে বয়স্ক ব্যক্তিরাও রাজ্য সড়কের উপরেই। এর ফলে সাধারণ মানুষকে হয়রানিও হতে হয়েছে রাস্তার উপর লাঠি খেলা হওয়ার দরুন।

## কাগজের নৌকা

৭ জুলাই ২০২৫ , সোমবার

# সুখ-দুঃখ

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জীবনটা এক যেন মরু-তীর্থ ,
গুল্ম সমতুল্য ,
সুখের সিঁড়ি বড় পিঁছোল ,
মধুর সুখ থাকে বহু যোজন দূরে ,
হড়কে পড়ার বড় ভয় ,
সব যেন শূন্যতায় মিলিয়ে যায় ,
দৈন্য-তায় সবকিছু যেন পথ হারায়।
মনের ক্ষুধা বাড়ায় পাগলামি ,
বেঁচে আছি শুধু , বুকের ভেতর কষ্ট নিয়ে ,
বহাল তবিয়তে ,
শুধুই হৃদয় জুড়ে ,
কষ্টগুলো আগলে রেখে ,
ফিরেই আছে শুধু পাল তুলে ,
জরাজীর্ণ তীরে বইছে যেন বিষন্নতা ,
তাড়া করছে ক্ষনিকের আসভাসন ,
ক্ষণস্থায়ী জীবনে সুখ এসে কড়া নাড়ে ,
আঁধার নামবে অমাবস্যার রাতে ,
সমাজের চোখে হয়তো ,
জীবিত হয়েই যাবে ,
পুড়ে ছাই হয়ে ফিরবে তবুও ,
জীবন্ত এক কামনার অপলক চিত্তে ,
সব যেন রয়ে যাবে এই ভিটেতেই।।

# হাতির পায়ে পিষ্ট ব্যক্তির মৃতদেহ দেওয়া হলো পরিবারের হাতে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই : হাতি এবং মানুষের সংঘাত দিনের পর দিন বেড়েই চলেছে। হাতি এবং মানুষের সংঘাত কমাতে বনদপ্তরের কর্মকর্তারা জঙ্গল সংলগ্ন এলাকার বাসিন্দাদের সচেতন করছেন। একদিকে চলছে সচেতনতার প্রচার অপরদিকে চলছে সংঘাত। গভীর জঙ্গলের ভেতর দিয়ে বাড়ি ফেরার পথে মৃত্যু হয় রায়ডাক চা বাগানের শ্রমিকের। টিয়া মারির গভীর জঙ্গলে হাতির পায়ে পিষ্ট হয়ে মারা যান কুমার টোপ্পো নামে ৫২ বছর এক ব্যক্তি শনিবার বেলা দুটো নাগাদ। বনদপ্তরের কর্মীরা তার মৃতদেহ উদ্ধার করে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে শনিবার বিকেল ছটা নাগাদ। রবিবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়নাতদন্তের পর হাতির পায়ে পৃষ্ট কুমার টোপ্পোর মৃতদেহ তার পরিবারের হাতে তুলে দিল শামুকতলা থানার পুলিশ। শনিবার বেলা দুইটা নাগাদ রায়ডাক লক্ষ্যাপাড়া এলাকার বাসিন্দা রায়ডাক ২ নম্বর নদী থেকে মাছ মেরে বাড়ি ফেরার পথে টিয়ামারির গভীর জঙ্গলে এই দুর্ঘটনা ঘটে। জঙ্গলের ভিতরে এমন দুর্ঘটনা ঘটায় বনদপ্তরের পক্ষ থেকে কোন সরকারি সাহায্য পাবে না পরিবারটি।

# ২০ টি স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে অনুষ্ঠান আলিপুরদুয়ারে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই : শিক্ষক সংগঠনের পক্ষ থেকে আলিপুরদুয়ার পূর্বাঞ্চলের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান শেষ হলো আলিপুরদুয়ার ২ ব্লকের কানুরাম বালিকা বিদ্যালয়ে রবিবার বিকেল পাঁচটা নাগাদ। আলিপুরদুয়ার ২ ব্লকের কুড়িটি স্কুলের ২৩৫ জন ছাত্রছাত্রী এই সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। শিক্ষক সংগঠন হিসেবে পড়াশোনার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের সুস্থ সাংস্কৃতিক চেতনার এবং প্রতিযোগিতা মূলক মানসিকতার বিকাশ ঘটাতে বিদ্যালয়ের স্তর থেকে রাজ্য স্তর পর্যন্ত ধারাবাহিক ভাবে এই ধরনের অনুষ্ঠানের আয়োজন তারা করেছেন এমনটাই বলছেন ইস্ট জোনের শিক্ষক সংগঠন। মোট ২৮ টি বিভাগে প্রথম দ্বিতীয় এবং তৃতীয় স্থানাধিকারী ছাত্রছাত্রীরা আগামী ২৭ শে জুলাই আলিপুরদুয়ার নিউটাউন গার্লস হাই স্কুলে অনুষ্ঠিত জেলা স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। সংগঠনের পক্ষে জানা গেছে সংগঠনের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে তাদের এই অনুষ্ঠান শুরু হয়েছিল। নির্বিঘ্নে শেষ হয়েছে তাদের এই প্রতিযোগিতা মূলক সাংস্কৃতিক অনুষ্ঠান। এদিন এই প্রতিযোগিতায় ছাত্র-ছাত্রীদের পাশাপাশি অভিভাবকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।



# চেপানী হল্টে বাইকে ধাক্কা ট্রাকের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই : ৩১ নম্বর জাতীয় সড়কের চেপানী হল্ট এলাকা থেকে একটি কন্টেইনার কে আটক করেছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ গ্রেপ্তার করা হয়েছে চালককে। অতিরিক্ত মদ্যপান করে গাড়ি চালাচ্ছিলেন তিনি। শিলিগুড়ি থেকে আসাম যাওয়ার পথে রাস্তার পাশে দাঁড় করিয়ে রাখা একটি বাইককে ধাক্কা মেরে ফেলে দেয় কন্টেইনারের চালক। অতিরিক্ত মদ্যপান করায় তিনি এই দুর্ঘটনা করেছেন। এরপর এই এলাকার বাসিন্দারা গাড়িটিকে আটক করে পুলিশকে খবর দিলে পুলিশ গিয়ে গাড়ি চালককে গ্রেফতার করে নিয়ে আসে আটক করা হয় তার গাড়িটি। পুলিশ দুর্ঘটনা গ্রস্থ বাইকটিকে উদ্ধার করে এনেছে।

# আগুনে পুড়ে ছাই চারটি বাড়ি ,ক্ষতিগ্রস্তরা চাইছেন সরকারি সহায়তা



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,৬ জুলাই : রবিবার দুপুরে এক ভয়াবহ আগুনে পুড়ে ছাই হয়ে যায় চারটি বাড়ি। জানা গেছে মালদহ জেলার চাঁচল থানা এলাকার শীতলপুর গ্রামে অগ্নিকান্ডের ঘটনাটি ঘটেছে। এদিন দুপুর বারোটা নাগাদ একটি বাড়িতে চলছিলো রান্নার কাজ। সেই সময় গ্যাস সিলিন্ডার লিক করে দাউদাউ করে আগুন জ্বলে উঠে। আগুন দেখে বাড়ির মহিলা সহ সবাই ভয় পেয়ে যান ও বাড়ি ঘর ছেড়ে বাইরে বেরিয়ে আসেন। কিছুক্ষন বাদেই ভীষন শব্দ করে গ্যাস সিলিন্ডারটি ফেটে যায় ও আগুন আশপাশের বাড়ি গুলিতে ছড়িয়ে পড়ে। আগুনের তীব্রতা এতটাই বেশী ছিলো যে স্থানীয় লোকজন চেষ্টা করেও তা নিয়ন্ত্রন করতে পারেননি। খবর দেওয়া হয় চাঁচল দমকল কেন্দ্রে , সেখান থেকে দমকল কর্মীরা একটি ইঞ্জিন নিয়ে ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রনে আনতে পারলেও ততক্ষনে চারটি বাড়ি পুড়ে ছাই হয়ে যায়। সর্বস্ব হারিয়ে অসহায় চারটি পরিবার এখন সরকারি সহায়তার আশায় অপেক্ষায় আছেন।

# ট্রাক থেকে উদ্ধার গাঁজা , গ্রেপ্তার চালক



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , কোচবিহার , ৬ জুলাই : কোচবিহার জেলা পুলিশের মাথাভাঙ্গা থানার পুলিশ কর্মীরা রবিবার গোপন সুত্রে খবর পেয়ে থানা এলাকার পচাগড় কলেজমোড়ে শিলিগুড়ি গামী একটি ট্রাক আটক করে তল্লাশী চালিয়ে ট্রাক থেকে উদ্ধার করেন দশ কেজি সাতশো আটষট্টি গ্রাম গাঁজা। পুলিশ সূত্রে জানা গেছে ট্রাকটি শিলিগুড়ি হয়ে কলকাতা যাচ্ছিলো। পুলিশ একজন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর উপস্থিতিতে উদ্ধার করা গাঁজা বাজেয়াপ্ত করে ও ট্রাক চালককে গ্রেপ্তার করে। গ্রেপ্তার ট্রাক চালকের নাম খোকন গোপ , নিশিগঞ্জ ঘোষপাড়ার বাদিন্দা। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। সোমবার ধৃতকে আদালতে পেশ করা হবে। পুলিশ তদন্ত শুরু করেছে।

সর্বদা হাতের মুঠোয় খবর সহ দৈনিক সংবাদপত্র

এই যুগ অ্যাপ




24×7 সর্বদা আপডেট

দৈনিক "এই যুগ" সংবাদপত্রের নিজস্ব সাইট "eiyug.in" থেকে সহজেই "মোবাইল অ্যাপ" ডাউনলোড করুন 👍

EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।